# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৭. ইলমের ভিত্তিতে আমল করা এবং এতে নিয়ত সহীহ রাখা

بَابُ الْعَمَلِ بِالْعِلْمِ وَحُسْنِ النِّيَّةِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارَكِ، أَنبَأَنَا بَقِيَّةُ، حَدَّثَنَا صَدَقَةُ بْنُ عَبْدِ اللَّهِ، أَنَّ الْمُهَاصِرَ بْنَ حَبِيبٍ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ " قَالَ اللَّهُ تَعَالَى: إِنِّي لَسْتُ كُلَّ كَلَامِ الْحَكِيمِ أَتَقَبَّلُ، وَلَكِنِّي أَتَقَبَّلُ هَمَّهُ وَهَوَاهُ، فَإِنْ كَانَ هَمُّهُ وَهَوَاهُ فِي طَاعَتِي، جَعَلْتُ صَمْتَهُ حَمْدًا لِي وَوَقَارًا، وَإِنْ لَمْ يَتَكَلَّمْ

إسناده ضعيف صدقة بن عبد الله ضعيف والحديث مرسل

বাংলা

২৫৮. মুহাসির ইবনু হাবীব বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: আল্লাহ তায়ালা বলেন: ’আমি প্রত্যেক জ্ঞানগর্ভ কথাকেই কবুল করি না, বরং তার নিয়ত ও মন-মানস (এর টান) কে আমি কবুল করি। যদি তার নিয়ত ও মন-মানস (এর টান) আমার আনুগত্যের প্রতি হয়ে থাকে, তবে আমি তার নিরবতাকেও আমার গুণকীর্তণ ও সম্মান প্রদর্শন হিসেবে ধরে নেই, যদিও সে কোনো কথা বলেনি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। সদাকাহ ইবনু আব্দুল্লাহ যয়ীফ। আর হাদীসটি মুরসাল।

তাখরীজ: এ হাদীস এখানে ব্যতীত আর কোথাও আমি পাইনি। খতীব তিবরিযী তার মিশকাতুল মাসাবীহ গ্রন্থে নং ৫৩৩৮ এ একে দারেমী’র দিকে সম্বন্ধ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69569

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন